[redacted]

[redacted]

আমদহ ইউনিয়ন তাঁতীলীগের কমিটির গঠন ও আলোচনা সভা

মেহেরপুর সদর উপজেলা আমদহ ইউনিয়ন তাঁতীলীগের কমিটির গঠন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে আশরাফপুর স্কুল মাঠে ইউনিয়ন তাঁতী লীগের কমিটি গঠন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা তাঁতীলীগের আহ্বায়ক নুর ইসলাম সুবাদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাড. কাজী শহীদুল হক। অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন জেলা তাঁতী লীগের সদস্য সচিব জুয়েল রানা।

বিশেষ অতিথি ছিলেন আমদাহ ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রওশন আলী টোকন, জেলা তাঁতী লীগের সদস্য আতাউর রহমান, সদর উপজেলা তাঁতীলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান, গাংনী তাঁতীলীগের আহ্বায়ক মনিরুল ইসলাম, মুজিবনগর উপজেলা তাঁতীলীগের আহ্বায়ক পবীর শেখ প্রমূখ।

অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন সদর উপজেলা তাঁতীলীগের যুগ্ম আহ্বায়ক এস এম রাসেল।

অনুষ্ঠানের প্রথম অধিবেশন শেষে আমদাহ ইউনিয়ন তাঁতী লীগের কমিটি ঘোষণা করা হয়। কমিটির সদস্যরা হলেন আহবায়ক মনিরুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক খোকন আলী, জুয়াত আলী, মনিরুল ইসলাম, মকলেছ মিয়া ও সদস্য সচিব তুহিন শেখ সহ ৫১ সদস্য বিশিষ্ট কমিটি ঘোষণা করা হয়।